গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিকও গণশিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০১০.২৫.০০১.২০১৯-১৯৬

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০
২২ নভেম্বর ২০২৩

**প্রজ্ঞাপন**

প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষন কার্যক্রমে মানসম্পন্ন প্রশিক্ষক বাছাই ও তালিকাভুক্তির মাধ্যমে দক্ষ, অভিজ্ঞ, বিশেষজ্ঞ, প্রতিশ্রুতিশীল ও প্রশিক্ষণ মানসিকতা-সম্পন্ন কর্মকর্তাদের নিয়ে একটি রিসোর্সপুল গঠন এবং এর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৩” প্রণয়ন করা হয়েছে।

২। প্রণয়নকৃত নির্দেশিকাটি এ সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

22.11.23

মোহাম্মদ আশরাফুল আলম খান
উপসচিব (উন্নয়ন-২)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৭। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৮। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
৯। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪। অফিস কপি।

# প্রাথমিক ও গণশিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩

## ১। ভূমিকা:

দক্ষতাসম্পন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও দক্ষ জনবল দ্বারা প্রশিক্ষণ পরিচালনা সময়ের চাহিদা। জাতীয় শিক্ষাক্রমের নির্দেশনা পূরণ, ভবিষ্যৎ প্রজন্মকে সমৃদ্ধ বাংলাদেশের জন্য দক্ষ ও সুনাগরিকে পরিণত করা এবং সময়ের চাহিদা মোকাবিলায় প্রাথমিক শিক্ষার প্রশিক্ষণ ব্যবস্থাপনাকে ঢেলে সাজানোর পদক্ষেপ হিসেবে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সমন্বয় ও দক্ষ প্রতিষ্ঠানে রূপান্তর করা অত্যন্ত জরুরি। এ পদক্ষেপের অংশ হিসেবে প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল ব্যবস্থাপনা গড়ে তোলা প্রশিক্ষণ ব্যবস্থাপনাগত চাহিদার একটি প্রতিফলন। প্রশিক্ষণ রিসোর্সপুল ব্যবস্থাপনা সম্পর্কিত নির্দেশিকাটির কার্যকর প্রয়োগই প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণে একটি সুস্পষ্ট কাঠামোর রূপায়নে সহায়ক হবে।

## ২। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:

এ নির্দেশিকা 'প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ রিসোর্সপুল গঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' নামে অভিহিত হবে। নির্দেশিকাটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ইউআরসি, পিটিআই ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর অধীনস্থ সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে।

## ৩। সংজ্ঞার্থ:

**(ক) প্রশিক্ষণ-প্রতিষ্ঠান:** প্রশিক্ষণ প্রতিষ্ঠান বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ এর আওতাধীন সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত সকল সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান বুঝাবে, যেখানে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়নসহ চাকুরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**(খ) প্রশিক্ষক (Resource Person):** প্রশিক্ষণার্থীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে আধুনিক প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল প্রয়োগে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ পরিচালনায় সক্ষম বিশেষায়িত জ্ঞানসম্পন্ন শিক্ষক, সরকারি কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা এবং স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন কর্মকর্তাগণকে বুঝাবে।

**(গ) অভিষ্ট দল (Target Groups):** অভিষ্ট দল বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ আওতাধীন অধিদপ্তর ও দপ্তর-সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকবৃন্দকে বুঝাবে।

**(ঘ) প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান:** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান বলতে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লিডারশিপ ট্রেনিং সেন্টার (এলটিসি), প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই) এবং উপজেলা/থানা রিসোর্স সেন্টার (ইউআরসি/টিআরসি) বুঝাবে।

**(ঙ) শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ:** শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ বলতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ (Basic Training for Primary Teachers-BTPT) বুঝাবে। প্রাথমিক শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ বলতে পাইলটিং হিসেবে পরিমার্জিত ডিপিএড (ডিপ্লোমা ইন এডুকেশন) প্রশিক্ষণ। এছাড়া সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত যেকোন মৌলিক প্রশিক্ষণ।

**(চ) ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রশিক্ষণ (CPD):** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এর অধীনস্থ প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ ব্যতিত পুরো চাকুরীকাল ব্যাপী চাহিদাভিত্তিক সময় সময় প্রদত্ত প্রশিক্ষণ।

**(ছ) কোর কমিটি:** রিসোর্সপুলের সদস্য বাছাই এবং সুষ্ঠ ব্যবস্থাপনার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জন্য গঠিত কমিটি।

## ৪। রিসোর্সপুল ব্যবস্থাপনার উদ্দেশ্য:

৪.১ প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন ও প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণের সুবিধার্থে মান সম্পন্ন প্রশিক্ষকের তালিকা প্রণয়ন ও সংরক্ষণ;

৪.২ দক্ষ, অভিজ্ঞ ও বিশেষায়িত জ্ঞানসম্পন্ন জনবলকে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ত করার সুযোগ সৃষ্টি করা, যাতে করে প্রশিক্ষণের লক্ষ্য অর্জিত হয়;

৪.৩ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ ও একাডেমিক কার্যক্রমের মানোন্নয়নে সহায়তা প্রদান;

৪.৪ জাতীয় শিক্ষাক্রম বাস্তবায়নে প্রাথমিক শিক্ষায় সকল ধরনের প্রশিক্ষণ মূল্যায়ন গবেষণার আওতায় এনে গুণগত শিক্ষা নিশ্চিত করা;

৪.৫ প্রাথমিক শিক্ষায় ক্ষেত্রভিত্তিক প্রশিক্ষণে দক্ষ জনবল নির্বাচন ও কার্যকরভাবে দক্ষ জনবলের প্রয়োগ ব্যবস্থাপনা গড়ে তোলা।

**৫। রিসোর্সপুল গঠনের যৌক্তিকতা:**

৫.১ প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূ বাস্তবায়নে ক্ষেত্র ও বিষয়ভিত্তিক যোগ্য ও দক্ষ প্রশিক্ষক নির্বাচন;

৫.২ চাহিদাভিত্তিক প্রশিক্ষণে অভীষ্টদলের (Target Groups) প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, উপযুক্ত রিসোর্স পারসন নির্বাচন এবং প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূকরণে রিসোর্স পারসন সম্পৃক্তকরণ;

৫.৩ প্রাথমিক শিক্ষার ম্যাক্রো (Macro) ও মাইক্রো (Micro) প্রশিক্ষণ ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বিত এবং কার্যকর যোগাযোগ স্থাপন ও প্রশিক্ষণসমূহের মধ্যে সমন্বয়সাধনে রিসোর্সপুলের নির্বাচিত সদস্য সম্পৃক্তকরণ;

৫.৪ মানসম্মত প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণসমূহের মূল্যায়নে রিসোর্সপুলের ব্যবহার ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;

৫.৫ জেলা ও বিভাগভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে প্রশিক্ষিত ও দক্ষ প্রশিক্ষক সরবরাহ ও ব্যয় সংকোচন;

৫.৬ প্রাথমিক শিক্ষার প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ বাস্তবায়ন ও ফলপ্রসূকরণে রিসোর্সপুলের যথাযথ প্রয়োগ।

**৬। প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ও বিশেষায়িত প্রতিষ্ঠানসমূহ:**

রিসোর্সপুল হতে বিষয়ভিত্তিক প্রশিক্ষক হিসেবে দক্ষ জনবল নিয়োগ সম্পর্কিত প্রতিষ্ঠান সমূহ হলো- নেপ, ইউআরসি, লিডারশিপ ট্রেনিং সেন্টার (এলটিসি), পিটিআই, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন বিভাগসমূহ (প্রশিক্ষণ, পলিসি অপারেশন, প্রশাসন, আইএমডি, ফাইনান্স এবং প্রকিউরমেন্ট বিভাগের দক্ষ প্রশিক্ষক), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা উন্নয়ন ইউনিট এবং প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ও বিশেষায়িত প্রতিষ্ঠান (আইইআর, ব্র্যাক প্রভৃতি) ইত্যাদি সহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

**৭। রিসোর্সপুলে প্রশিক্ষক হিসেবে নির্বাচনযোগ্য জনবল:**

৭.১ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিষয়ভিত্তিক যোগ্য ও দক্ষ কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা, অন্য মন্ত্রণালয়/বিভাগের বিষয়ভিত্তিক সংশ্লিষ্ট যোগ্য ও দক্ষ কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা;

৭.২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের বিষয়ভিত্তিক সংশ্লিষ্ট যোগ্য ও দক্ষ সহকারী শিক্ষক, প্রধান শিক্ষকসহ কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা;

৭.৩ প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালনকৃত জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), লিডারশিপ সেন্টারে কর্মরত বা অবসরপ্রাপ্ত যোগ্য ও দক্ষ কর্মকর্তা;

৭.৪ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর কর্মরত ও অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষায় কাজ করেছেন এমন যোগ্য ও দক্ষ শিক্ষাক্রম বিশেষজ্ঞ;

৭.৫ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা উন্নয়ন ইউনিটে কর্মরত ও অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষায় কাজ করেছেন এমন দক্ষ ও যোগ্য মূল্যায়ন বিশেষজ্ঞ;

৭.৬ শিক্ষা বিজ্ঞান ইনস্টিটিউটে (আইইআর) কাজ করেছেন এবং বিশেষায়িত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন এমন বিশেষজ্ঞ;

৭.৭ আইএনজিও তে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষক হিসাবে কাজ করেছেন এমন বিশেষজ্ঞ।

৭.৮ প্রশাসন, আইন, শৃংখলা, আচরণ বিধি, শিষ্টাচার, বিধিবিধান ও অর্থ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়সহ বিশেষ বিষয়ে বিশেষজ্ঞ সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গ।

৮। রিসোর্সপুলের বিষয়ভিত্তিক ক্ষেত্র ও দক্ষ জনবল সংখ্যাগত কাঠামো:

| ক্রমিক | ক্ষেত্র | সংখ্যা |
|---|---|---|
| ১ | শিক্ষাক্রম | ১৫ |
| ২ | শিক্ষার্থীর বিকাশ ও উন্নয়ন | ১৫ |
| ৩ | শ্রেণি কার্যক্রম ফলপ্রসূকরণ ও মুল্যায়ন | ১৫ |
| ৪ | শিশুর চাহিদা ও আচরণ উন্নয়ন | ১০ |
| ৫ | শিক্ষকতা পেশা ও পেশার উন্নয়ন | ১৫ |
| ৬ | পরিবীক্ষণ, কোর্স মূল্যায়ন ও গবেষণা | ২০ |
| ৭ | প্রাথমিক শিক্ষায় নেতৃত্ব, সমাযোজন, সমন্বয় ব্যবস্থাপনা | ১০ |
| ৮ | ক্রয় ব্যবস্থাপনা, বিভাগীয় মামলা ব্যবস্থাপনা, এপিএ, শুদ্ধাচার প্রভৃতি | ১০ |
| ৯ | এসডিজি ও প্রেক্ষিত পরিকল্পনায় প্রাথমিক শিক্ষা প্রভৃতি | ১০ |
| ১০ | আইন, বিধি, নীতিমালা, শৃংখলা, শিষ্টাচার ও অর্থ ব্যবস্থাপনা ইত্যাদি | ১৫ |
| ১১ | আইসিটি ও চাহিদাভিত্তিক বিশেষ প্রশিক্ষণ | ১০ |
| ১২ | বিবিধ বিষয় | ০৫ |
| **মোট জনবল সংখ্যা** | | **১৫০** |
| প্রাতিষ্ঠানিক ক্ষেত্রভিত্তিক যোগ্য ও দক্ষ জনবল চাহিদায় এই সংখ্যা নির্ধারিত নয়, সম্ভাব্য। এই সংখ্যা প্রকৃত চাহিদাভিত্তিক। | | |

৯। রিসোর্সপুলের ক্ষেত্রভিত্তিক বিষয়ে, প্রশিক্ষকের যোগ্যতা ও কর্মস্থল:

| ক্রমিক | ক্ষেত্রসমূহ | বিষয় | প্রশিক্ষকের যোগ্যতা | প্রতিষ্ঠান ও জনবল |
|---|---|---|---|---|
| ১ | শিক্ষাক্রম | জাতীয় প্রাথমিক শিক্ষাক্রমের উপাদান ও পারস্পরিক সম্পর্ক; শিক্ষাক্রম মেট্রিক্স; শিক্ষাক্রমে শিক্ষার্থীর যোগ্যতা, দক্ষতা এবং মূল্যায়ন কৌশল; শিক্ষাক্রম বাস্তবায়ন কৌশল; শিক্ষাক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি ও কৌশল ইত্যাদি। | বিষয়ভিত্তিক জাতীয় শিক্ষাক্রম প্রণয়ন, প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়ন/বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে হাতে-কলমে ৫ বছরের প্রশিক্ষণের দক্ষতা (প্রমানকসহ) ইত্যাদি। | এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক। |
| ২ | শিক্ষার্থীর বিকাশ ও উন্নয়ন | বিষয়ভিত্তিক শিক্ষাক্রমে শিক্ষার্থীর জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ; শিক্ষার্থীর জ্ঞানগত ক্ষেত্রের আচরণ এবং উন্নয়ন কৌশল; শিক্ষার্থীর আবেগিক আচরণ ও উন্নয়ন কৌশল; শিক্ষার্থীর মনোপেশিজ আচরণ ও মুল্যায়ন কৌশল; শিক্ষার্থীর নীতি-নৈতিকতা, মূল্যবোধ ও সংস্কৃতি ইত্যাদি | বিষয়ভিত্তিক জাতীয় শিক্ষাক্রম প্রণয়ন, প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে হাতে-কলমে ৫ বছরের প্রশিক্ষণের দক্ষতা; কোনো শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে দক্ষতা রয়েছে এমন কর্মকর্তা (প্রমানকসহ) | এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/প্রশিক্ষক এবং শিক্ষাবিজ্ঞান সংশ্লিষ্ট সরকারি বা বেসরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষক ও প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | শ্রেণি কার্যক্রম ফলপ্রসূকরণ ও মুল্যায়ন | শ্রেণি কার্যক্রমে শিখন- শেখানো পদ্ধতি ও কৌশল; শ্রেণি কার্যক্রমে আইসিটির প্রয়োগ; গঠনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন; অভীক্ষা ও অভীক্ষা পদ প্রণয়ন কলাকৌশল ইত্যাদি। | সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়ন বা প্রশিক্ষক হিসেবে হাতেকলমে কমপক্ষে ৫ বছরের প্রশিক্ষণের দক্ষতা; কোনো শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে দক্ষতা রয়েছে এমন কর্মকর্তা (প্রমানকসহ) | এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন প্রশিক্ষক |
| ৪ | শিশুর চাহিদা ও আচরণ উন্নয়ন | শিক্ষার্থীর মনো-সামাজিক চাহিদা ও বিকাশ; মনোসামাজিক বঞ্চনা, বিকাশে বাধা এবং উত্তরণ ইত্যাদি | সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে হাতে-কলমে কমপক্ষে ৫ বছরের প্রশিক্ষণের দক্ষতা; কোনো শিক্ষা সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষক ও প্রশিক্ষক হিসেবে দক্ষতা রয়েছে এমন বিশেষজ্ঞ কর্মকর্তা (প্রমানকসহ) | এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক এবং প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিশেষায়িত প্রতিষ্ঠানের (আইইআর, ব্র্যাক প্রভৃতি) শিক্ষক |
| ৫ | শিক্ষকতা পেশা ও পেশার উন্নয়ন | শিক্ষকতা পেশার নীতি-নৈতিকতা, আদর্শ, মুল্যবোধ ও জবাবদিহিতাবোধ; শিক্ষকতা পেশায় মোটিভেশন ইত্যাদি | প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়; প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণে দক্ষ কর্মকর্তা যাদের প্রশিক্ষণ পরিচালনা, ম্যানুয়াল উন্নয়ন, মডুউল উন্নয়নসহ প্রশিক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতা রয়েছে এমন কর্মকর্তা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কেবিনেট ডিভিশন, এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |
| ৬ | পরিবীক্ষণ, মূল্যায়ন ও গবেষণা | প্রাথমিক শিক্ষায় মনিটরিং ও মেন্টরিং; প্রাথমিক শিক্ষায় মূল্যায়ন ও গবেষণা; প্রাথমিক শিক্ষা কার্যক্রমে বিভিন্ন টুলস ও প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি | এনসিটিবি বিশেষজ্ঞ, শিক্ষা গবেষণায় অভিজ্ঞতা রয়েছে এমন বিশেষজ্ঞ, পিটিটিআই, ইউআরসি এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের | এনসিটিবি, নেপ, লিডারশীপ সেন্টার, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পরিবীক্ষণ ও মূল্যায়ন ও প্রশিক্ষণ বিভাগের প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়ন ও প্রশিক্ষণে হাতে-কলমে অভিজ্ঞতা রয়েছে এমন কর্মকর্তা | |
| ৭ | প্রাথমিক শিক্ষায় নেতৃত্ব, সমযোজন, সমন্বয় ব্যবস্থাপনা | প্রাথমিক শিক্ষায় নেতৃত্ব; প্রাথমিক শিক্ষায় যোগাযোগ ব্যবস্থাপনা; প্রাথমিক শিক্ষা কার্যক্রমে সমন্বয় ব্যবস্থাপনা ইত্যাদি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগ ও জেলা পর্যায়ের প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রশিক্ষণে হাতে-কলমে অভিজ্ঞতা রয়েছে এমন দক্ষ কর্মকর্তা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপরিচালকের কার্যালয় ও জেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা |
| ৮ | ক্রয় ব্যবস্থাপনা, মামলা পরিচালনা ব্যবস্থাপনা, এপিএ, শুদ্ধাচার প্রভৃতি | ক্রয় ব্যবস্থাপনা; মামলা ব্যবস্থাপনা; এপিএ বাস্তবায়ন কৌশল; শুদ্ধাচার কৌশল ইত্যাদি | প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, কেবিনেট ডিভিশন, সিপিটিইউ, আইএমডি বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন শাখায় কর্মরত বা অবসরপ্রাপ্ত কর্মকর্তা যাদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের দীর্ঘ সময়ের পূর্ব অভিজ্ঞতা রয়েছে | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসহ, সিপিটিইউ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |
| ৯ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন; এসডিজি ও প্রেক্ষিত পরিকল্পনায় প্রাথমিক শিক্ষা; | এপিএসসি, এএসপিআর, এনএসএ রিপোর্টের ফলাফল ও সুপারিশমালা ভিত্তিক কার্যক্রম; প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন; এসডিজি অর্জনে প্রাথমিক শিক্ষা কর্ম পরিকল্পনা; প্রেক্ষিত পরিকল্পনায় প্রাথমিক শিক্ষা ইত্যাদি | পিইডিপি ৪ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, পিইডিপি৪ (প্রোগ্রাম ডিভিশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের অভিজ্ঞতা রয়েছে এমন কর্মকর্তা | পিইডিপি৪ (প্রোগ্রাম ডিভিশন), পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশনের কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/ অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |
| ১০ | আইন, বিধি, নীতিমালা, নির্দেশিকা, | সরকারি কর্মচারীর জন্য আইন ও বিধি-বিধান; | প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট বিষয়ে | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কেবিনেট ডিভিশনসহ অন্যান্য মন্ত্রণালয়/অধিদপ্তর/সংবিধিবদ্ধ |

| | | | | |
|---|---|---|---|---|
| | শৃংখলা, শিষ্টাচার ও অর্থ ব্যবস্থাপনা | | অন্যান্য মন্ত্রণালয়; প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণে দক্ষ কর্মকর্তা যাদের প্রশিক্ষণ পরিচালনা, ম্যানুয়াল উন্নয়ন, মডুউল উন্নয়নসহ প্রশিক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতা রয়েছে এমন কর্মকর্তা। | সংস্থা, এনসিটিবি, নেপ, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |
| ১১ | চাহিদাভিত্তিক ও বিবিধ | মূল্যায়ন, গবেষণা এবং পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন; শিক্ষাক্রম, প্রশিক্ষণ ম্যানুয়াল ডিজাইন; প্রাথমিক শিক্ষা উন্নয়ন কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিবেদন, বুকলেট, ওয়েবপেজ প্রভৃতি | প্রাথমিক শিক্ষায় চাহিদাভিত্তিক প্রশিক্ষণে বিষয়ের সাথে সংশ্লিষ্ট দক্ষ ও অভিজ্ঞতা রয়েছে এমন কর্মকর্তা | প্রাথমিক শিক্ষায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা সহ এনসিটিবি, নেপ, লিডারশীপ সেন্টার, পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য কর্মরত বা পিআরএল/ অবসরপ্রাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা/ প্রশিক্ষক |

**১০। রিসোর্সপুলের জন্য জনবল নির্বাচন পদ্ধতি**

সংশ্লিষ্ট রিসোর্সপুল ব্যবস্থাপনা কমিটি তাদের নিজেদের কর্তৃক প্রণীত ফর্মে রিসোর্সপুল প্রশিক্ষক হিসেবে অন্তর্ভূক্তির জন্য আবেদন আহ্বান করবেন এবং নিম্নেবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে সদস্য নির্বাচন করতে পারবেন।

১০.১ শিক্ষককে মৌলিক প্রশিক্ষণ ও শ্রেণিকার্যক্রম উপস্থাপনায় দক্ষ হতে হবে;

১০.২ প্রশিক্ষককে মৌলিক প্রশিক্ষণে পিটিআইভিত্তিক মূল্যায়নে যোগ্য হতে হবে;

১০.৩ সিপিডি প্রশিক্ষণে প্রশিক্ষককে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতাসহ প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়নের দক্ষতা থাকতে হবে;

১০.৪ উচ্চতর প্রশিক্ষণের ম্যানুয়াল প্রণয়ন এবং উচ্চতর প্রশিক্ষণ সংশ্লষ্টি বিষয়সমূহের প্রশিক্ষণের অভিজ্ঞতাসম্পন্ন ও দক্ষ প্রশিক্ষক;

১০.৫ এনসিটিবি ও পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা র্বোড এর বিভিন্নর্কাযক্রম যেমন, বিষয়ভিত্তিক শিক্ষাক্রম উন্নয়ন, পাঠ্যবই উন্নয়ন, শিক্ষক সহায়িকা উন্নয়ন, সাপ্লিমেন্টারী লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন, প্রশিক্ষণ ম্যানুয়াল উন্নয়নসহ শিক্ষাক্রম, শিখন-শেখানো পদ্ধতি ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণে অভিজ্ঞতাসম্পন্ন র্কমরত বা অবসরপ্রাপ্ত ব্যক্তি; বা

১০.৬ বাংলাদেশের বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিষেশায়িত প্রশিক্ষক হিসেবে পরিচিত, অভিজ্ঞ ও দক্ষতাসম্পন্ন সরকারি/বেসরকারি র্কমরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা এই রিসোর্সপুলের সদস্য করা যাবে এবং মডিউলভিত্তিক অধিবেশনে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদানে আহবান করা যাবে।

১০.৭ সরকারি কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা এবং স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন কর্মকর্তাগণকে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদানে আহবান করা যাবে।

**১১। রিসোর্সপুল ব্যবস্থাপনা কমিটি:**

রিসোর্সপুলের সদস্য বাছাই ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোরূপ বাছাই কমিটি থাকবে।

**(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জন্য**

| | |
|---|---|
| ১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৫. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৬. লিডারশিপ সেন্টারের প্রধান | সদস্য |
| ৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ | সদস্য |
| ৮. জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর প্রতিনিধি | সদস্য |
| ৯. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

**(খ) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির জন্য**

| | |
|---|---|
| ১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সভাপতি |
| ২. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৪. লিডারশিপ ট্রেনিং সেন্টারের প্রধান | সদস্য |
| ৫. উর্ধ্বতন বিশেষজ্ঞ, (মহাপরিচালক কর্তৃক মনোনীত), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৬. উপপরিচালক (প্রশাসন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৭. পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য সচিব |

**(গ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জন্য**

| | |
|---|---|
| ১. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সভাপতি |
| ২. পরিচালক (পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৪. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৫. লিডারশিপ সেন্টারের প্রধান | সদস্য |
| ৬. উপপরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ৭. জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর প্রতিনিধি | সদস্য |
| ৮. পরিচালক (প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য সচিব |

**১২। রিসোর্সপুল কমিটির দায়িত্ব:**

১২.১ সংশ্লিষ্ট কমিটি রিসোর্সপুলে প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণের জন্য আবেদন ফর্ম প্রণয়ন করবে;

১২.২ সংশ্লিষ্ট কমিটি সদস্য নির্বাচনে আবেদনকারীর জীবন বৃত্তান্ত ও যোগ্যতার বর্ণনা পর্যালোচনা করে সদস্য নির্বাচন তালিকা প্রণয়ন ও যোগ্য প্রশিক্ষক নির্বাচন করবে;

১২.৩ প্রত্যেক প্রশিক্ষণ ভ্যেনুতে প্রশিক্ষকের যোগ্যতাভিত্তিক প্রশিক্ষক প্যানেল হতে চাহিদা অনুযায়ী প্রশিক্ষক বাছাই করে প্রেরণ করবে;

১২.৪ সংশ্লিষ্ট কমিটি দক্ষতার প্রমানক সংরক্ষণ করবে। প্রত্যেকটি প্রশিক্ষণের দক্ষ ও যোগ্য প্রশিক্ষকের তালিকা এ কমিটি সংরক্ষণ করবে এবং সময় সময় হালনাগাদ করবে।

১২.৫ সংশ্লিষ্ট কমিটি প্রশিক্ষণে প্রশিক্ষক মূল্যায়নের জন্য একটি মূল্যায়ন ফর্ম প্রণয়ন করবে। প্রত্যেকটি প্রশিক্ষণ মূল্যায়নের জন্য একদল দক্ষ মূল্যায়নকারী নির্বাচন করে (রিসোর্সপুলের সদস্য হতে পারবে) প্রশিক্ষণ মূল্যায়নে পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য প্রশিক্ষণ ভ্যেনুতে প্রেরণ করবে;

১২.৬ প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেকটি প্রশিক্ষণের গুণগত দিক প্রণীত ছকে মূল্যায়নকারীর মাধ্যমে মূল্যায়ন করবে এবং প্রতিবেদন প্রণয়ন করবে;

১২.৭ সংশ্লিষ্ট কমিটি কোনো প্রশিক্ষক প্রশিক্ষণে সম্পূর্ণভাবে অপরাগতা প্রকাশ করলে তার সদস্যপদ বাতিল করে সদস্যপদের শূণ্যতা পূরণে বিষয়ভিত্তিক নতুন সদস্য নির্বাচন করতে পারবে;

১২.৮ এ সকল প্রতিষ্ঠানের কোর কমিটি চাহিদাভিত্তিক প্রশিক্ষণে সংশ্লিষ্ট যে কোন বিশেষজ্ঞ কর্মকর্তা/ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানাতে পারবে;

১২.৯ সংশ্লিষ্ট কমিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে প্রাপ্ত প্রশিক্ষকের চাহিদাপত্র পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট কমিটির অনুমোদনক্রমে চাহিদা পর্যালোচনা করে প্রশিক্ষকের কার্যপরিধি সম্পর্কিত শর্ত (Terms of reference) প্রণয়নপূর্বক প্রশিক্ষক নির্বাচন করে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সম্পৃক্ত করবে;

১২.১০ সংশ্লিষ্ট কমিটি প্রশিক্ষক চাহিদা মোতাবেক প্রশিক্ষণ প্রদান করছেন কিনা তা প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে কার্যপরিধি অনুযায়ী মূল্যায়ন প্রতিবেদন গ্রহণ করবে এবং মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী পরবর্তী প্রশিক্ষণের জন্য প্রশিক্ষককে সম্পৃক্ত করার সুপারিশ করবে।

**১৩। রিসোর্সপুলের সদস্যদের সম্মানি/ভাতা:**

প্রশিক্ষক পুলের সদস্য ও রিসোর্স পারসনগণ প্রশিক্ষণ কার্যকমে অংশগ্রহণ করলে সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানি/ভাতা প্রাপ্য হবেন।

**১৪। প্রশিক্ষণ মূল্যায়ন সম্পর্কিত নির্দেশনা:**

১৪.১ রিসোর্সপুলের প্রশিক্ষক সমন্বয়ে প্রতিটি প্রশিক্ষণ ভিত্তিক মূল্যায়ন ছক প্রণয়ন করে তথ্য সংগ্রহ করে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

১৪.২ রিসোর্সপুলের প্রয়োগ কার্যকারিতা প্রমাণের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনে প্রতি বছর শেষে কার্যক্রমভিত্তিক মূল্যায়ন করতে হবে।

**১৫। প্রশিক্ষণ রিসোর্সপুল ব্যবস্থাপনা নির্দেশিকা সংশোধন/পরিমার্জন/অস্পষ্টতা দূরীকরণ:**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনবোধে এ নির্দেশিকার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন বা অস্পষ্টতা দূর করতে পারবে। যে কোন বিষয়ে কোন ধরনের ব্যাখ্যার প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৬। কার্যকারিতা:** এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে।

২২.১১.২৬

মোহাম্মদ আশরাফুল আলম খান
উপসচিব (উন্নয়ন-২)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়